

## বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার সিডর দুর্গতদের সাহায্যার্থে সফল তহবিল সংগ্রহ অনুষ্ঠান

কায়সার আহমেদঃ ৪ঠা ফেব্রুয়ারী ২০০৮ রোববার বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া কর্তৃক আয়োজন করা হয়েছিল এক বিশেষ নৈশ ভোজের। সম্প্রতি বাংলাদেশে ঘটে যাওয়া সিডরের আঘাতে দুর্গতদের সাহায্যার্থে বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় ট্রান তহবিলের জন্য তহবিল সংগ্রহই ছিল উক্ত অনুষ্ঠানের উদ্দেশ্য।



উক্ত অনুষ্ঠানে সর্বমোট প্রায় পাঁচ হাজার অস্ট্রেলিয়ান ডলার অর্থাৎ বাংলাদেশী তিন লাখ টাকা সিডরের দুর্গতদের জন্য সংগৃহীত হয়েছে বলে আয়োজকদের পক্ষ থেকে বলা হয়েছে। আরো জানানো হয়েছে ইতিপূর্বেও কেন্দ্রীয়

তহবিলে ষাট হাজার টাকা জমা দেয়া হয়েছে। এক প্রশ্নের জবাবে বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার আহ্বায়ক ড. শামস রহমান জানান যে বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির ভারপ্রাপ্ত সভাপতি জিল্লুর রহমান কর্তৃক নির্ধারিত সময়ে নিয়মিত সিডর সাহায্যে অনুদান নেয়া ৩১শে জানুয়ারী পর বন্ধ করে দেয়া হলেও পাইপ লাইনে থাকা সাহায্যগুলো দলের কেন্দ্রীয় ট্রান তহবিলে জমা দিতে নির্দেশ দেয়া হয়েছে। দলের সদস্য-সচিব আনিসুর রহমান রিতু এই প্রতিবেদককে জানান যে আমাদের এই অনুষ্ঠান আয়োজন এক মাস পূর্ব থেকে একটি মহল আমাদের অনুষ্ঠানটি যাতে সফল না হয় তার জন্য বিভিন্ন প্রচার করেছে। আমরা আনন্দিত আমাদের ডাকে সিডনির প্রবাসীরা সারা দিয়েছে। দলের অন্য আরেক নেতা শামীম আল নোমান জানান যে অনুষ্ঠানটি সফল হয়েছে, দুর্গতদের জন্য কিছু করতে পারলাম এটাই আমাদের রাজনীতি করার স্বার্থকতা।

রোববার রাতে সিডনিস্থ ব্যাংকস টাউনে এক রেস্টুরেন্টে অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সম্মানিত অতিথিদের স্বাগত জানান আওয়ামী লীগ অস্ট্রেলিয়ার আহ্বায়ক ড. শামস রহমান এবং সদস্য-সচিব আনিসুর রহমান রিতু। অনুষ্ঠানটিতে সিডনির বিশিষ্ট রাজনীতিবিদ, সমাজকর্মী সহ অনেক গন্যমান্য ব্যক্তিত্ব উপস্থিত ছিলেন তাদের মধ্যে জনাব গামা কাদির, ড. আব্দুর রাজ্জাক, কায়সার আহমেদ, সাংবাদিক ফজলুল বারী, ড. রোনাল্ড পাত্র, আল নোমান শামীম, আব্দুল জলিল, আব্দুস সাদেক, মোস্তাক মেরাজ, গোলাম মোস্তফা, শাহাদাত হোসেন, জন মার্টিন, ড. বদরুল ইসলাম, ব্যারিস্টার আমজাদ হোসেন, ইকবাল ফারুক, অভিজিৎ বড়ুয়া, খালেদা কায়সার, হারুন রশিদ আজাদ, ডা. ইকবাল, ওসমান গনি, আব্দুল হাকিম, রফিকউদ্দিন, মোসলেউর রহমান খুশব, ড. রহমত আজিম ও ছাত্র লীগ অস্ট্রেলিয়ার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রুবেল অন্যতম।